



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২০১.৫০.০০১.২০.২২১

তারিখ: ১০ চৈত্র ১৪২৭

২৪ মার্চ ২০২১

বিষয়: মাস্ক পরিধান নিশ্চিতকরণসহ স্বাস্থ্যবিধি প্রতিপালন সংক্রান্ত

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৮২.০৬০.১৭.১৪০, তারিখঃ ১৩.০৩.২০২১।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে করোনা সংক্রমণের হার এবং মৃত্যুর হার গত কয়েক মাসের তুলনায় কিছুটা বৃদ্ধি পেয়েছে। গত ৮ মার্চ ২০২০ তারিখ বাংলাদেশে করোনার প্রাদুর্ভাব শুরু হওয়ার প্রেক্ষিতে তা মোকাবেলায় কর্তৃপক্ষের সকল দপ্তর/অফিসসহ বিমানবন্দরসমূহে ফুটস্টেপ স্থাপন ও আসন ব্যবস্থায় সামাজিক দূরত্ব বজায় রাখাসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করার জন্য সময়ে সময়ে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়। করোনা সংক্রমণের হার কিছুটা হ্রাস পাওয়ার ফলে জনস্বার্থে অফিসের বিভিন্ন কার্যক্রম শুরু হওয়ায় No Mask, No Service নীতিতে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রয়েছে। করোনা ভাইরাস সংক্রমণের Second Wave মোকাবেলায় অফিস ও বিমানবন্দরসমূহে পূর্বের ন্যায় স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণ করা আবশ্যিক।

২.০ উল্লেখ্য, মাস্ক পরিধান এবং স্বাস্থ্যবিধি প্রতিপালনের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ বিষয়ে নির্দেশনা রয়েছে।

৩.০ এমতাবস্থায়, করোনার প্রাদুর্ভাব প্রতিরোধ কল্পে কর্তৃপক্ষে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী-কে মাস্ক পরিধানকরতঃ সচেতনতার সাথে দাপ্তরিক দায়িত্ব পালন এবং বিদেশ গমনাগমনে বিমানবন্দরসমূহে যাত্রী সাধারণের স্বাস্থ্যবিধি প্রতিপালন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।

২৮-৩-২০২১

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান

চেয়ারম্যান

ফোন: +৮৮-০২-৮৯০১৪০০

ফ্যাক্স: +৮৮-০২-৮৯০১৪১১

ইমেইল: chairman@caab.gov.bd

বিতরণ :

১) সদস্য (সকল) (.....) সিএএবি, সদর দপ্তর,

কুর্মিটোলা, ঢাকা।

২) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক

বিমান চলাচল কর্তৃপক্ষ

৩) নির্বাহী পরিচালক, (সেমসু), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।

৪) পরিচালক (সকল) (.....), সিএএবি,

কুর্মিটোলা, ঢাকা।

৫) প্রকল্প পরিচালক (হশাআবি সম্প্রসারণ প্রকল্প), বাংলাদেশ

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

৬) পরিচালক (.....) বিমানবন্দর।

৭) নির্বাহী প্রকৌশলী (সকল) সিএএবি, কুর্মিটোলা,

ঢাকা।

৮) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক

বিমান চলাচল কর্তৃপক্ষ

৯) বিমানবন্দর ব্যবস্থাপক, রাজশাহী/ যশোর/ কুমিল্লা/ সৈয়দপুর/
বরিশাল বিমানবন্দর

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২০১.৫০.০০১.২০.২২১/১

তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২৮-৩-২০২১

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
চেয়ারম্যান